

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী উন্নয়ন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.২১০.১৮.১৩১.১৫.১০৪৭৪


তারিখ: ০১/১০/২০২৩ খ্রি:

অফিস আদেশ

বিদ্যুৎ ও জ্বালানীর সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে চলমান বৈশিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃষ্ণ সাধনের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় হ্রাসকরণের জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং: ১, তারিখ: ০২ জুলাই/২০২৩ খ্রি: মূলে জারীকৃত পরিপত্র সঙ্কলনের নির্দেশনা ফলপ্রসূ বাস্তবায়নের স্বার্থে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর মাঠ পর্যায়ে অর্থাৎ জেলা/উপজেলা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান/প্রকল্প/কর্মসূচি এবং আঞ্চলিক কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো:

- ক. অফিস সময়সূচি অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। বিকাল ৪.০০ ঘটিকার পর দাপ্তরিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে তাঁর উর্ধ্বতন অফিসকে অবহিত করতে হবে;
- খ. অত্যাবশ্যক না হলে সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- গ. কর্মকর্তা/কর্মচারীগণ অফিস কক্ষে প্রবেশের পর সর্বনিম্ন যে পরিমাণ আলোর প্রয়োজন সে অনুযায়ী সাশ্রয়ীভাবে কক্ষের লাইট জ্বালাবেন। দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখতে হবে এবং যতদূর সম্ভব সূর্যের আলো/দিনের আলো ব্যবহার করতে হবে;
- ঘ. শুধুমাত্র প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ এসি ব্যবহার করতে পারবেন এবং তাপমাত্রা ২৫° এর নীচে নামানো যাবে না। একটানা এসি ব্যবহার না করে মাঝে মাঝে বিরতি দিয়ে এসি ব্যবহার করা যেতে পারে;
- ঙ. কর্মকর্তা/কর্মচারীগণ অফিস কক্ষে বা নিজ আসনে অবস্থান না করলে কক্ষ ত্যাগের পূর্বে নিজ দায়িত্বে লাইট, ফ্যান, এয়ারকুলার ইত্যাদিসহ সকল প্রকার বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে;
- চ. সকল বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি (কম্পিউটার, টিভি, ফ্রিজ, ইলেকট্রিক কেটলি ইত্যাদি) প্রয়োজন অনুযায়ী ব্যবহার করবেন;
- ছ. অফিস ছুটির পূর্বে সকল প্রকার বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধের বিষয়টি নিশ্চিত করে অফিস ত্যাগ করতে হবে। অফিস প্রধানগণ বিষয়টি সুনিশ্চিত করবেন;
- জ. জ্বালানী সাশ্রয় এবং লগ বই যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। এ বিষয়ে গাড়ী ব্যবহারকারী কর্মকর্তাগণ বিষয়টি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;
- ঝ. দাপ্তরিক প্রয়োজন ছাড়া এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অফিস বন্ধের দিনে সরকারি গাড়ী ব্যবহার করা যাবে না;
- ঞ. বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের জন্য সময় সময় সরকার ও অত্র দপ্তরের জারীকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।



মো: শহিদুল ইসলাম, এনডিসি
পরিচালক (প্রশাসন)
০০০১১৬২৭

নম্বর: ৪৭.৬২.০০০০.২১০.১৮.১৩১.১৫.১০৪৭৪

তারিখ: ০১/১০/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (বিআরডিটিআই), খাদিম নগর, সিলেট।
৩. উপপরিচালক (সকল), জেলা দপ্তর, বিআরডিবি।
৪. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৫. প্রকল্প/কর্মসূচি/আঞ্চলিক কার্যালয়.....(সকল), বিআরডিবি।
৬. উপপরিচালক (এনআরডিটিসি), নোয়াখালী।
৭. উপপরিচালক (ডাব্লিউটিও), টাঙ্গাইল।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা দপ্তর, বিআরডিবি।



সৈয়দ শাহ মোহাম্মদ আশ্রিফ আসাদক
উপপরিচালক (প্রশাসন-২)

☎ ৫৫০১১৭৩৬

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপপরিচালকের কার্যালয়
জয়পুরহাট।

www.brdb.joypurhat.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.৩৮০০.৮৫২.১৬.০০১.১৭.৬৬৪

বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় হ্রাসকরণের জন্য অফিস আদেশের নির্দেশনাগুলি যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।


তারিখ: ০৩ অক্টোবর ২০২৩

অনুলিপি: সদয় কার্যার্থে

১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

সদর/ পাঁচবিবি/ ক্ষেতলাল/ কালাই/আক্কেলপুর, জয়পুরহাট।

২। অ:স:কা:ক:অ:, বিআরডিবি, জেলাদপ্তর, জয়পুরহাট (ওয়েবপোর্টালে প্রচারের অনুরোধ সহ)



মো: শামসুদ্দোহা

উপপরিচালক

ফোন: +৮৮ ০২৫৮৯৯১৫৮০০